



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
হাইড্রোকার্বন ইউনিট

হাইড্রোকার্বন ইউনিট এ এপ্রিল/২০২০ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	এ এস এম মঞ্জুরুল কাদের মহাপরিচালক
সভার তারিখ	২৬-০৪-২০২০
সভার সময়	দুপুর ১২: ০০ ঘটিকা
স্থান	অনলাইনের মাধ্যমে
উপস্থিতি	ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ জাকির হোসেন পরিচালক সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২। গত ১৫-০৩-২০২০ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র নং	আলোচনা	সিদ্ধান্ত
০১	<b>নভেল করোনাভাইরাস (কোভিড-১৯)</b> সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন, ২০১৮ (২০১৮ সালের ৬১ নং আইন) এর ১১ (১) ধারার ক্ষমতাবলে সমগ্র বাংলাদেশকে সংক্রমণের ঝুঁকিপূর্ণ এলাকা ঘোষণা করায় পরিস্থিতি মোকাবেলার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর ৩১ (একত্রিশ) দফা নির্দেশনা প্রতিপালন প্রসঙ্গে আলোচনা হয়।	নভেল করোনাভাইরাস (কোভিড-১৯) এর পরিস্থিতি মোকাবেলার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর ৩১ (একত্রিশ) দফা নির্দেশনায় হাইড্রোকার্বন ইউনিটের সাথে সম্পৃক্ত নির্দেশনা বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।
০২	<b>রিপোর্ট প্রস্তুত</b> মাসিক রিপোর্ট দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করা এবং মাসিক রিপোর্ট নিয়মিতকরণের ব্যাপারে আলোচনা হয়।	মাসিক রিপোর্ট দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩	<b>ইআরপি</b> জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের জন্য সমন্বিত ইআরপি ও অন্তর্বর্তীকালীন ড্যাশবোর্ড এর কাজ দ্রুত শেষ করার ব্যাপারে আলোচনা হয়।	টেন্ডার বাস্তবায়নকারী প্রতিষ্ঠানের সাথে আলোচনা করার সিদ্ধান্ত হয়।
০৪	<b>শুদ্ধাচার কর্মপরিকল্পনা:</b> শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে পর্যালোচনা করা হয়।	শুদ্ধাচারের নির্দেশিত কার্যাবলি সম্পন্ন করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।
০৫	<b>ইনোভেশন:</b> জনগণের দোর গোড়ায় সরকারি সেবা নিশ্চিত করা, সেবার মান বৃদ্ধি এবং সেবাকে অধিকতর জনবান্ধব করার জন্য সরকার দৃঢ় প্রতিজ্ঞ। জনপ্রশাসনে কাজের গতিশীলতা এবং উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা দ্রুত ও সহজিকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে সরকার ইনোভেশন টিম গঠনের সিদ্ধান্ত গ্রহণ করে। হাইড্রোকার্বন ইউনিটে ইনোভেশন পরিকল্পনা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।	ইনোভেশন পরিকল্পনা বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করা হয়েছে।
০৬	<b>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA):</b> প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) সম্পাদন করা হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করা হয়েছে।	এপিএ সংক্রান্ত কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন করে নাস্থার কিভাবে বাড়ানো যায় সে ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।
০৭	<b>অফিস রক্ষনাবেক্ষন</b> অফিসের রক্ষনাবেক্ষণের ব্যাপারে আলোচনা হয়। ছাদের বাগান পরিচর্যা, নিয়মিতভাবে গাছে পানি দেয়া এবং অফিসের গাড়ি পর্যবেক্ষণ করার ব্যাপারে আলোচনা হয়।	আউট সোর্সিং এর কর্মচারী এবং ড্রাইভারদেরকে রোটেশন ভিত্তিতে পর্যাপ্ত সতর্কতা মেনে গাড়ি ও বাগানের পরিচর্যা করার সিদ্ধান্ত গৃহীত হয়।
০৮	<b>সভার সিদ্ধান্ত</b> অফিসের অতীব গুরুত্বপূর্ণ ও জরুরী কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য অনলাইনে নিয়মিতভাবে সভার ব্যাপারে আলোচনা হয়।	৩০ এপ্রিল সভার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
০৯	<b>ই-নথি:</b> ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের নিমিত্তে ই-নথি কার্যক্রমের সূচনা হয়। হাইড্রোকার্বন ইউনিটের ই-নথি ভিত্তিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়। ই-নথির ব্যবহার আরো বৃদ্ধি করার ব্যাপারে আলোচনা হয়।	দ নেয়ার জন্য ই-নথির ব্যবহার আরো বৃদ্ধি করার হয়।

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।



এ এস এম মঞ্জুরুল কাদের  
মহাপরিচালক

স্মারক নম্বর: ২৮.০৬.০০০০.০০০.০৬.০০২.১৯.১০০

তারিখ: ২২ বৈশাখ ১৪২৭

০৫ মে ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (নীতিমালা ও উন্নয়ন), পরিচালক (নীতিমালা ও উন্নয়ন), হাইড্রোকার্বন ইউনিট
- ২) উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), হাইড্রোকার্বন ইউনিট
- ৩) সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন), হাইড্রোকার্বন ইউনিট
- ৪) সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), হাইড্রোকার্বন ইউনিট
- ৫) সহকারী পরিচালক (অপারেশন) , উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন), হাইড্রোকার্বন ইউনিট
- ৬) সহকারী পরিচালক (পরিকল্পনা), উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) , হাইড্রোকার্বন ইউনিট



এ এস এম মঞ্জুরুল কাদের  
মহাপরিচালক